# আজ সৌদি-তুরস্ক-পাকিস্তানের ত্রিপক্ষীয় প্রতিরক্ষা চুক্তি



ছবি: সংগৃহীত

সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের মধ্যে একটি ত্রিপক্ষীয় প্রতিরক্ষা সহযোগিতা চুক্তি শুক্রবার (৭ আগস্ট) জেদ্দায় স্বাক্ষর হওয়ার কথা রয়েছে। আন্তর্জাতিক সংবাদমাধ্যমের খবরে এ তথ্য জানানো হয়েছে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নিতে তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান সৌদি আরব সফরে গেছেন। সফরকালে সৌদি যুবরাজ ও প্রধানমন্ত্রী মোহাম্মদ বিন সালমান এবং পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের সঙ্গে তাঁর বৈঠক হওয়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে আঞ্চলিক বিভিন্ন ইস্যুতেও তিন দেশের কূটনৈতিক তৎপরতা অব্যাহত রয়েছে। যুক্তরাষ্ট্র ও ইরানের চলমান উত্তেজনা নিরসনে পাকিস্তান মধ্যস্থতার চেষ্টা চালিয়ে যাচ্ছে। অন্যদিকে গাজায় যুদ্ধবিরতির লক্ষ্যে তুরস্ক সক্রিয় কূটনৈতিক উদ্যোগ অব্যাহত রেখেছে।

LENS ASIA